



পত্র নং-৩৩.০২.৮৫৭৬.৫০১.৪১.০০১.২০.২২২

তারিখঃ ০২/১১/২০২০ খ্রি.

লিফ মনোনয়ন বিজ্ঞপ্তি

এতদ্বারা মদনখালী, বড়আলমপুর ও রামনাথপুর ইউনিয়নের সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তিসেবা সম্প্রসারণ (২য় পর্যায়) (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় ০১ (এক) জন করে স্থানীয় মৎস্য সম্প্রসারণ প্রতিনিধি (লিফ) মনোনয়ন করা হবে। আগ্রহী প্রার্থীগণকে আগামী ১৯/১১/২০২০ খ্রি. তারিখে রোজঃ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় এসএসসি/সমমান সার্টিফিকেট (ফটোকপি ও মূল কপি) সহ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্তাবলী:

- ১। লিফকে অবশ্যই সফল প্রান্তিক মৎস্যচাষী হতে হবে।
- ২। বয়স ১৮-৫০ বছর এর মধ্যে হতে হবে।
- ৩। কমপক্ষে এসএসসি পাস হতে হবে।
- ৪। উক্ত ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ৫। মাছচাষ এবং এই জাতীয় কাজকে পেশা হিসাবে গ্রহণে আগ্রহী হতে হবে।
- ৬। সরকারি/বেসরকারি কোন সংস্থার বেতন ভূক্ত কর্মচারী লিফ হতে পারবে না।
- ৭। বাই-সাইকেল চালাতে আগ্রহী এবং সক্ষম হতে হবে।
- ৮। পূর্বে মৎস্যচাষ বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীগণকে আগ্রাধিকার দেওয়া হবে।
- ৯। মনোনিত লিফ প্রকল্প থেকে ২০০০/- (দুই হাজার) টাকা মাসিক সম্মানি ভাতা হিসাবে প্রাপ্য হবেন।

০২১৩৩১৬০২০

(মোঃ আমিনুল ইসলাম)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা  
পীরগঞ্জ, রংপুর।

পত্র নং-৩৩.০২.৮৫৭৬.৫০১.৪১.০০১.২০.২২২/১(৪)

তারিখঃ ০২/১১/২০২০ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও জ্ঞাতার্থেঃ

- ১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, রংপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, রংপুর।
- ৩। চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, রংপুর।
- ৪। অফিস কপি।

০২১৩৩১৬০২০

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা  
পীরগঞ্জ, রংপুর।